

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মার্কেট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন ডিভিশন
মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট
www.sec.gov.bd

অনলাইনে প্রচারিত বিভিন্ন প্রতারণামূলক কার্যক্রম হতে সতর্কীকরণে বিনিয়োগকারীদের জন্য সতর্কবার্তা:

সতর্কবার্তা

১। বিভিন্ন অনলাইন মাধ্যমে কিছু প্রতারণাকরক পুঁজিবাজারে বিনিয়োগের নামে লোভনীয় প্রস্তাব দিয়ে বিনিয়োগকারীদের সাথে প্রতারণার চেষ্টা করছে। সাম্প্রতিক সময়ে অনলাইনে পরিচালিত বিভিন্ন অনিবেদিত বা লাইসেন্সবিহীন ভূয়া সিকিউরিটিজ/বিনিয়োগ কোম্পানি বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) কর্তৃক অনুমোদিত এরূপ প্রচারণার মাধ্যমে প্রতারণা করছে। Prosperia Securities Group Ltd (ওয়েবসাইট: <https://prospersiasecurities.com>) নামক একটি অনিবেদিত কোম্পানি কর্তৃক অনলাইনে প্রতারণামূলক কার্যক্রম পরিচালনার তথ্য পাওয়া গেছে। এধরনের অনিবেদিত সকল নাম সর্বস্ব প্রতিষ্ঠানে বা কোনো অনলাইন প্ল্যাটফর্ম, মোবাইল অ্যাপ, WhatsApp গ্রুপ বা সামাজিক যোগাযোগ মাধ্যমে বিনিয়োগের প্রস্তাব পেলে বিনিয়োগের পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন, লাইসেন্স ও অনুমোদন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর ওয়েবসাইট (<https://sec.gov.bd/home>>> Registered Entities) অথবা ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি (ডিএসই) অথবা চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ পিএলসি (সিএসই) এর ওয়েবসাইটে যথাযথভাবে যাচাই করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। বিভিন্ন অনলাইন প্ল্যাটফর্মে এধরনের প্রতারণা চক্রের বিষয়ে বা পুঁজিবাজার সংক্রান্ত যে কোন অনিয়মের বিষয়ে তথ্য পেলে মার্কেট ইন্টেলিজেন্স ডিপার্টমেন্টের ই-মেইলে (intel@sec.gov.bd) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

